

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
আইন শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১২ জ্যৈষ্ঠ, ১৪২৬/২৬ মে, ২০১৯

নং ৪০.০০.০০০০.০১৫.০২৮.০০৪.১৭-৪৪—বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর আলোকে সৃজিত বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১(৩) মোতাবেক ঠিকাদার সংস্থা জামানত তহবিল পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে “ঠিকাদার সংস্থা জামানত তহবিল পরিচালনা বোর্ড” নামে একটি বোর্ড গঠন করা হলো :

১।	মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	চেয়ারম্যান
২।	সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	ভাইস চেয়ারম্যান
৩।	অতিরিক্ত সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৪।	জনাব এ.কে.এম মিজানুর রহমান, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর	সদস্য
৫।	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা লজিস্টিক সার্ভিস এন্ড সলিউশন	সদস্য
৬।	ব্যবস্থাপনা পরিচালক, প্রমোভিভ লজিস্টিকস এন্ড ক্লিনিং সার্ভিসেস	সদস্য
৭।	স্বত্বাধিকারি, এল.আর.ইন্টারন্যাশনাল	সদস্য
৮।	জনাব ফজলুল হক মন্টু, কার্যকরী সভাপতি, জাতীয় শ্রমিক লীগ	সদস্য
৯।	জনাব সুলতান আহমেদ, প্রেসিডেন্ট, পানি উন্নয়ন বোর্ড, জাতীয় শ্রমিক লীগ	সদস্য
১০।	জনাব হাবিবুর রহমান আকন্দ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ রেলওয়ে শ্রমিক লীগ	সদস্য
১১।	এড.সালমা আলী, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা আইনজীবী সমিতি	সদস্য
১২।	মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	সদস্য-সচিব

(১৭০১৭)

মূল্য : টাকা ৪.০০

কার্যপরিধি :

- (ক) জামানতের অর্থ মহাপরিদর্শক বোর্ডের সিদ্ধান্তক্রমে এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত ব্যাংক হিসাবে জমা রাখিবে।
- (খ) জামানতের অর্থ প্রয়োজনে সরকারি মালিকানাধীন বিনিয়োগযোগ্য কোনো খাতে বিনিয়োগ করিতে পারিবে।
- (গ) জামানতের অর্থ অথবা বিনিয়োগকৃত অর্থ হইতে প্রাপ্ত মুনাফা দ্বারা সংশ্লিষ্ট সেক্টরে কর্মরত কোনো শ্রমিকের আইনানুগ পাওনা, তাহার আবেদনের প্রেক্ষিতে উহা যাচাইপূর্বক, পরিশোধ করিবে, প্রতিষ্ঠানের শ্রমিক বা তাহার উত্তরাধিকারীকে এই ধরনের পাওনাদি পরিশোধ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহীন আখতার  
উপসচিব।